ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৩৪৭

আমবাসা, ২২ অক্টোবর, ২০২৫

**পূর্ব মাছলি-আয়ুষ্মান আরোগ্য মন্দির এনকিউএএস শংসাপত্র দ্বারা ভূষিত**

ধলাই জেলার মাছলি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র (পিএইচসি)-এর অধীনে থাকা পূর্ব মাছলি-আয়ুষ্মান আরোগ্য মন্দির জাতীয় গুণগত মান নিশ্চিতকরণ মানদণ্ড (ন্যাশনাল কোয়ালিটি এসুয়েরেন্স স্ট্যান্ডার্ডস- এনকিউএএস) শংসাপত্র অর্জনের এক উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। ভার্চুয়াল মাধ্যমে আয়োজিত এই কঠোর মূল্যায়নে পূর্ব মাছলি -আয়ুষ্মান আরোগ্য মন্দির মোট ৮০.৪৯ শতাংশ স্কোর করেছে। এই উচ্চ স্কোর স্বাস্থ্য পরিষেবা প্রদানের ক্ষেত্রে কেন্দ্রের অসামান্য প্রতিশ্রুতি এবং শ্রেষ্ঠত্বের মান বজায় রাখার প্রমাণ বহন করে। ২০২৫ সালের ১৯শে আগস্ট তারিখে এই মূল্যায়ন পরিচালিত হয়েছিল। মূল্যায়নের সময় মোট ৭টি বাধ্যতামূলক পরিষেবা প্যাকেজ পরীক্ষা করা হয়, যেখানে পরিষেবা প্রদান, রোগীর অধিকার, ইনপুট, সহায়তা পরিষেবা, ক্লিনিক্যাল কেয়ার, সংক্রমণ নিয়ন্ত্রণ এবং গুণগত মান ব্যবস্থাপনা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্র অন্তর্ভুক্ত ছিল। এনকিউএএস শংসাপত্র হল ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক দ্বারা জনস্বাস্থ্য কেন্দ্রগুলিতে গুণগত মান নিশ্চিত করার জন্য একটি দেশের মধ্যে সেরা স্বীকৃতি। এই স্বীকৃতি পূর্ব মাছলি-আয়ুষ্মান আরোগ্য মন্দিরকে একটি মানসম্পন্ন স্বাস্থ্যসেবা কেন্দ্র হিসেবে তুলে ধরে, যা স্থানীয় জনগণকে উন্নত ও নির্ভরযোগ্য পরিষেবা প্রদান করে চলেছে। এই স্বীকৃতি কেবল একটি সম্মান নয়, বরং ভবিষ্যতে আরও উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদানের জন্য একটি অনুপ্রেরণা। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক এই সংবাদ জানিয়েছেন।

******